



নারীদের সম্মান ও নিরাপত্তা নিশ্চিতের প্রতিশ্রুতি: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, নারীদের মর্যাদা ও নিরাপত্তা সর্বোচ্চভাবে নিশ্চিত করা হবে এবং যোগ্যতার ভিত্তিতে তারা রাষ্ট্রগঠনে ভূমিকা রাখবেন।

শনিবার (২৪ জানুয়ারি) বগুড়ার আলতাফুল্লাহা খেলার মাঠে জেলা ও শহর শাখার জনসভায় তিনি বলেন, ক্ষমতায় এলে দুর্নীতি, দুঃশাসন ও চাঁদাবাজিমুক্ত দেশ গড়তে কাজ করবে জামায়াত। জনগণের অর্থ লুট বা পাচার হলে তা ফিরিয়ে আনার প্রতিশ্রুতিও দেন তিনি।

যুবকদের কর্মসংস্থানের ওপর জোর দিয়ে তিনি বলেন, বেকার ভাতা নয়, দক্ষতা তৈরিই হবে অগ্রাধিকার। পাশাপাশি বিভাজন নয়, ঐক্যবদ্ধ বাংলাদেশ গড়ার আহ্বান জানান।

বক্তব্যে তিনি বগুড়ায় একটি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপন, পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীতকরণ, শহীদ চান্দু স্টেডিয়ামে আন্তর্জাতিক ম্যাচ আয়োজন এবং দ্বিতীয় যমুনা সেতু নির্মাণের ঘোষণাও দেন। শেষে সাতটি আসনের প্রার্থীদের প্রতীক তুলে দেন তিনি।

সভায় জেলা আমির অধ্যক্ষ আব্দুল হকের সভাপতিত্বে কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন। পরে শেরপুর ও মোকামতলায় পৃথক পৃথক সভায় অংশ নেন জামায়াত আমির।